উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সভা

স্থান ঃ প্রশাসক উপজেলা পরিষদ এর সভা কক্ষ

তারিখ ঃ ০৪/০৩/২০২৫ খ্রিঃ

সময় ঃ সকাল ১১:০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'

| ক্র: নং: | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মারুফ হাসান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | সভাপতি | [স্বাক্ষর] |
| ২ | জনাব উৎপল রায় বুলু, চেয়ারম্যান, ২নং ইশানিয়া ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | সদস্য | |
| ৩ | জনাব মোঃ ওয়াক্কাশ কাঞ্চন, চেয়ারম্যান, ৩নং মুশিদহাট ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | সদস্য | [স্বাক্ষর] |
| ৪ | জনাব মোঃ তুরিন তাসভীর, চেয়ারম্যান, ৪নং আটগাঁও ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। | সদস্য | [স্বাক্ষর] |
| ৫ | জনাব মোঃ আবু বকর সিদ্দীক, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর। | সদস্য সচিব | [স্বাক্ষর] |

CamScanner

# উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব মোঃ মারুফ হাসান, প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
স্থান : প্রশাসকের অফিস কক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর।
তারিখ : ০৪/০৩/২০২৫ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অত:পর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় । কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয় । অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | **২৬ শে মার্চ উদযাগন সম্পর্কে আলোচনা :** উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বোচাগঞ্জ উপজেলার ১৩২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মহান স্বাধীনতা দিবস (২৬ শে মার্চ) যথাযথভাবে উদযাপন করার জন্য সকল প্রধান শিক্ষককে নির্দেশ দেওয়া হয়েছে। | সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মহান স্বাধীনতা দিবস (২৬ শে মার্চ) যথাযথভাবে উদযাপন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ ও উপজেলা শিক্ষা অফিস, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ২ | **প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লক নির্মাণ এবং স্লিপের কাজ মনিটরিং এর জন্য সহযোগিতা:** উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বোচাগঞ্জ উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ওয়াশ ব্লক নির্মাণ এবং ১৩২টি সরকারি প্রাথমিক বিদ্যালে স্লিপের কাজ চলমান রয়েছে। উক্ত নির্মাণ কাজ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীর মাধ্যমে এবং স্লিপের কাজ বিদ্যালয়ের স্লিপ কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হবে। কমিটির সদস্যগণকে উক্ত কাজ সমূহ মনিটরিংয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। অত:পর উক্ত বিষয়ে সকলে বিস্তারিত আলোচন করেন এবং শিক্ষার মান উন্নয়নে তদারকি ও মনিটরিং জোরদার করার জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়। | প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মাণ এবং স্লিপের কাজ মনিটরিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা শিক্ষা বিষয়ক কমিটি, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ৩ | বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন। | - | সভাপতি |

০৪/৩/২০২৫

(মোঃ মারুফ হাসান)
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি
বোচাগঞ্জ, দিনাজপুর।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং : উশিঅ/বোচা/দিনাজ/২০২৫/ ২৮০

তারিখ : ০৫/০৩/২০২৫ খ্রি.।

বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে দিনাজপুর জেলাধীন বোচাগঞ্জ উপজেলার প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটির মার্চ/২০২৫ খ্রি. মাসের সভার কার্যবিবরণী এতদসঙ্গে সবিনয়ে প্রেরণ করা হলো।

০৫/০৩/২৫
মোঃ আবু বকর সিদ্দীক
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
বোচাগঞ্জ, দিনাজপুর।

প্রাপক ঃ
১। চেয়ারম্যান, ২নং ইশানিয়া ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
২। চেয়ারম্যান, ৩নং মশিদহাট ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
৩। চেয়ারম্যান, ৪নং আটগাঁও ইউনিয়ন পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :
১। প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর।
৪। অফিস নথি।

CamScanner